

(প্রেস বিজ্ঞপ্তি)

২০ এপ্রিল ২০২২

চসিক শিক্ষা প্রতিষ্ঠান সমূহের পরিচালনা কমিটির সভায় মেয়র

## শিক্ষা শিক্ষার মান বৃদ্ধি করতে হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ রেজাউল করিম চৌধুরী বলেছেন, নগরীর রাস্তা-ঘাট সংস্কার, পরিষ্কার-পরিছন্নতা, আলোকায়ন করাই সিটি কর্পোরেশনের মূল কাজ। এর বাইরে চসিক ৮০টির অধিক শিক্ষা প্রতিষ্ঠান ও ৫০ টিরও অধিক স্বাস্থ্য সেবাদানকারী প্রতিষ্ঠান পরিচালনা করে আসছে, দেশের অন্য কোন সিটি কর্পোরেশন এই কাজ করে না। এই বাড়তি দায়িত্ব পালন করতে গিয়ে কর্পোরেশনকে অনেক ভর্তুকি প্রদান করতে হয়। সাবেক মেয়র মহিউদ্দিন চৌধুরী'র সময়ে নগরীর অনেকগুলো শিক্ষা প্রতিষ্ঠানকে চসিকের অন্তর্ভুক্ত করে যে সুনাম অর্জন করেছিল, তা দেশ-বিদেশে অনেকে প্রশংসা পেয়েছিল। দুঃখের বিষয় হচ্ছে সেই অর্জনগুলো আমরা ধরে রাখতে পারিনি। এখন আমরা ভর্তুকি দিয়ে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করতে চাই না। তিনি প্রত্যেক প্রতিষ্ঠানকে আর্থিকভাবে স্বাবলম্বী হয়ে প্রতিষ্ঠান পরিচালনা করার আহ্বান জানান। আজ বুধবার সকালে চসিকের বাটালি হিলস্থ সম্মেলন কক্ষে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত সিটি কর্পোরেশন মিউনিসিপ্যাল স্কুল এন্ড কলেজ, হাতেখড়ি সিটি কর্পোরেশন স্কুল এন্ড কলেজ, বাগমনিরাম আব্দুর রশিদ সিটি কর্পোরেশন বালক উচ্চ বিদ্যালয়, ছালেহ জহুর সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়, জুলেখা আমিনুর রহমান সিটি কর্পোরেশন উচ্চ বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভায় সভাপতির বক্তব্যে এ কথা বলেন।

মেয়র বলেন, চট্টগ্রাম নগরীতে বেশির ভাগ শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। শিক্ষার্থীদের আলোকিত ও যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য পিতা-মাতার পরে শিক্ষকের ভূমিকা অনস্বীকার্য। সেই লক্ষ্যে চসিকের অন্যান্য বিভাগের সাথে সঙ্গতি রেখে চসিকের শিক্ষকদের সম্মানিও বৃদ্ধি করা হয়েছে। তাছাড়া ভবন সংস্কার, নতুন ভবন নির্মাণ, আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত কম্পিউটার ল্যাব, বিজ্ঞানাগার, মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু কর্ণার সমৃদ্ধ পাঠাগার স্থাপন করা হচ্ছে। যে কোনো মূল্যে চসিকের শিক্ষা প্রতিষ্ঠান সমূহের শিক্ষার মান বৃদ্ধি করতে হবে।

মেয়র আরো বলেন, ছাত্র শিক্ষক অভিভাবক সমন্বয়ের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে এগিয়ে নিতে হবে। শিক্ষকদের শিক্ষার মান উন্নয়নে নিজেদের সর্বাঙ্গিক প্রচেষ্টা চালাতে হবে। ছাত্র-ছাত্রীদের ভালো ফলাফল নিশ্চিত করা ও নৈতিকতা বোধ সম্পন্ন সুনাগরিক হিসেবে গড়ে তোলার মাধ্যমিক শিক্ষকদের পেশাগত পরিচিতি অর্জন করতে হবে।

এসময় উপস্থিত ছিলেন প্যানেল মেয়র মোহাম্মদ গিয়াস উদ্দিন, আফরোজা কালাম, চসিক শিক্ষা স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ওয়ার্ড কাউন্সিলর ড. নেহার উদ্দিন আহমেদ মঞ্জু, কাউন্সিলর মোহাম্মদ শেখ জাফরুল হায়দার চৌধুরী, চসিক প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার, মেয়রের একান্ত সচিব জনাব মুহাম্মদ আবুল হাশেম, শিক্ষা কর্মকর্তা উজালা রানী চাকমা, অধ্যক্ষ সাহেদুল কবির, মো. মোস্তফা কামাল, প্রধান শিক্ষক সুকুমার দেবনাথ, টিংকু কুমার ভৌমিক, কাজী খায়রুল আনোয়ার ও প্রতিষ্ঠান পরিচালনা কমিটির সদস্যবৃন্দ।

চসিক ভ্রাম্যমাণ আদালত  
অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশের কারণে  
মিস্টি মুখকে ৩ লাখ এবং হোটেল জামানকে ১লাখ টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ বুধবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী'র নেতৃত্বে চকবাজার এলাকায় অস্বাস্থ্যকর ও নোংরা পরিবেশের ব্যবসা পরিচালনার দায়ে মিস্টিমুখ কে ৩ লাখ এবং হোটেল জামান রেস্টুরেন্ট ও বিরানী হাউজকে ১ লাখ টাকা জরিমানা করা হয়। এছাড়া স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজনের নেতৃত্বে চিটাগাং শপিং কমপ্লেক্সে ট্রেড সাইসেন্স ছাড়া ব্যবসা পরিচালনা করার দায়ে এক প্রতিষ্ঠানকে ৩ হাজার টাকা এবং চসিক স্যানিটারী পরিদর্শকের মামলায় দুই দোকান মালিককে ৬ হাজার টাকা জরিমান করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩